যদি আপনার উপসর্গগুলো ফিরে আসে, তাহলে চিকিৎসা আবারো করার প্রয়োজন হতে পারে।

যদি C. diff সংক্রমণ 2 বার অথবা তার চেয়ে বেশি বার ফিরে আসে, তাহলে আপনাকে মল মাইক্রোবায়োটা প্রতিস্থাপনের জন্য বলা হতে পারে। এই পর্যায়ে একজন সুস্থ ব্যক্তির মল থেকে ব্যাকটেরিয়া আপনার অন্ত্রে প্রবেশ করানো হয় যাতে সংক্রমণ বন্ধ করা যায়।

## গুরুত্বপূর্ণ

আপনার সব ট্যাবলেট, ক্যাপসুল অথবা তরল শেষ না হওয়া পর্যন্ত আপনার অ্যান্টিবায়োটিক গ্রহণ করা চালিয়ে যাবেন, এমনকি যদিও আপনি ভাল বোধ করেন। যদি আপনি আপনার চিকিৎসা তাড়াতাড়ি বন্ধ করে দেন, তাহলে আপনার উপসর্গগুলো আবারো ফিরে আসতে পারে।

## C. diff সংক্রমণের বিস্তার রোধ করার উপায়

C. diff সংক্রমণ খুব সহজেই ছড়িয়ে পড়তে পারে। অন্যদের মধ্যে এটি ছড়িয়ে পড়ার ঝুঁকি কমাতে আপনি কিছু কিছু কাজ করতে পারেন।

### যা করবেন

- আপনার ডায়রিয়া বন্ধ হওয়ার কমপক্ষে 48 ঘণ্টা পর্যন্ত বাড়িতে থাকুন।
- নিয়মিত আপনার হাত সাবান ও পানি দিয়ে ধুয়ে ফেলুন।
- প্রতিবার ব্যবহারের পর টয়লেট এবং তার আশেপাশের এলাকা জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করুন।
- মল লেগে থাকা কাপড় ও চাদর অন্যান্য ধোয়ার কাপড়চোপড় থেকে আলাদাভাবে সর্বোচ্চ তাপমাত্রায় ধোবেন।

### যা করবেন না

- টাওয়াল অথবা ফ্লানেল শেয়ার করবেন না।
- ডায়রিয়া বন্ধ করার জন্য লোপেরামাইডের মতো ওষুধ খাবেন না কারণ এটি আপনার শরীর থেকে সংক্রমণ দূর হতে বাধা দিতে পারে।

এই লিফলেটটিতে ওপেন গভর্নমেন্ট লাইসেন্স v3.0 এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত পাবলিক সেক্টরের তথ্য রয়েছে। এখানে পাওয়া যাবে: *https://www.nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3/*

যদি আপনি এই লিফলেটের কোনো সংশোধনী বা উন্নতি সুপারিশ করতে চান, অনুগ্রহ করে SWB Library Services এর সাথে যোগাযোগ করুন এক্সটেনশন 3587 অথবা ইমেইল করুন *swbh.library@nhs.net.*

Health & care information you can trust
The Information Standard — Certified Member

**The University of Birmingham-এর একটি টিচিং ট্রাস্ট**

The Midland Metropolitan University Hospital, City Health Campus, Sandwell Health Campus এবং Rowley Regis Hospital কে অন্তর্ভুক্ত করছে।

© Sandwell and West Birmingham NHS Trust

M7999

প্রকাশের তারিখ: জানুয়ারি 2025
পর্যালোচনার তারিখ: জানুয়ারি 2028

NHS
Sandwell and West Birmingham
NHS Trust

# ক্লোস্ট্রিডিওডস ডিফিসিল (C.Diff) সংক্রমণ

রোগীদের জন্য তথ্য এবং পরামর্শ

## সংক্রমণ নিয়ন্ত্রণ

PATIENTS
PEOPLE
POPULATION

## ক্লোস্ট্রিডিওডস ডিফিসিল (C.Diff) সংক্রমণ কী?

ক্লোস্ট্রিডিওডস ডিফিসিল (C.Diff) হল এক ধরণের ব্যাকটেরিয়া যা ডায়রিয়া হওয়ার কারণ হতে পারে। এটি অ্যান্টিবায়োটিক গ্রহণকারী ব্যক্তিদের আক্রান্ত করে। এটি সাধারণত ভিন্ন ধরণের অ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করানো হয়ে থাকে।

C. diff সংক্রমণের সাধারণ উপসর্গগুলোর মধ্যে রয়েছে:

- ডায়রিয়া (পাতলা পায়খানা)।
- তীব্র জ্বর।
- ক্ষুধামন্দা।
- অসুস্থ বোধ করা।
- পেটে ব্যথা।

## কিভাবে আপনার C. diff সংক্রমণ হতে পারে?

C. diff ব্যাকটেরিয়া সাধারণত আপনার অন্ত্রে অন্যান্য অনেক ধরণের ব্যাকটেরিয়ার সাথে অক্ষতিকরভাবে বাস করে।

কিন্তু কখনও কখনও যখন আপনি অ্যান্টিবায়োটিক গ্রহণ করেন, তখন আপনার অন্ত্রের ব্যাকটেরিয়ার ভারসাম্য পরিবর্তিত হতে পারে, যার ফল হল সংক্রমণ হওয়া।

যখন কারোর C. diff সংক্রমণ হয়, তখন যদি ব্যক্তিটির মলে পাওয়া ব্যাকটেরিয়া জিনিসপত্র ও পৃষ্ঠতলে স্থানান্তরিত হয়, তাহলে এটি খুব সহজেই অন্যদের মধ্যে ছড়িয়ে পড়তে পারে।

## কে ঝুঁকিতে রয়েছে?

আপনার C. diff সংক্রমণ হওয়ার সম্ভাবনা বেশি যদি:

- আপনার বয়স 65 বছরের বেশি হয়।
- আপনি অ্যান্টিবায়োটিক গ্রহণ করছেন, অথবা সম্প্রতি গ্রহণ করেছিলেন।
- আপনি দীর্ঘদিন ধরে হাসপাতাল অথবা কেয়ার হোমে আছেন।
- আপনার একটি দুর্বল ইমিউন সিস্টেম থাকলে - উদাহরণস্বরূপ, ডায়াবেটিস অথবা কিডনি ব্যর্থতার মতো দীর্ঘমেয়াদী শারীরিক অবস্থা, অথবা কেমোথেরাপির মতো চিকিৎসার কারণে।
- আপনি প্রোটন পাম্প ইনহিবিটর (PPI) গ্রহণ করছেন, যেমন ওমিপ্রাজল, অথবা অন্যান্য ওষুধ যা পেটের অ্যাসিড কমায়।
- আপনার অতীতে C. diff সংক্রমণ হয়ে থাকে।

**জরুরি পরামর্শ: জরুরি জিপি অ্যাপয়েন্টমেন্টের জন্য বলবেন অথবা NHS 111 থেকে সাহায্য নেবেন যদি:**

- আপনার ডায়রিয়া হয়েছিল এবং আপনি অ্যান্টিবায়োটিক গ্রহণ করছেন, অথবা সম্প্রতি গ্রহণ করেছিলেন।
- আপনার রক্তাক্ত ডায়রিয়া হয়েছে অথবা পায়ু থেকে রক্তপাত হচ্ছে।
- আপনার 7 দিনের বেশি সময় ধরে ডায়রিয়া রয়েছে।

আপনি 111 নম্বরে কল করতে পারেন অথবা অনলাইনে 111 থেকে সাহায্য পেতে পারেন।

## C. diff সংক্রমণের চিকিৎসা

যদি কোনো ডাক্তার মনে করেন যে আপনার C. diff সংক্রমণ হয়েছে, তাহলে তারা আপনার পায়খানার নমুনা পরীক্ষার জন্য চাইতে পারেন।

এই সংক্রমণের চিকিৎসা কখনও কখনও বাড়িতেই করা যেতে পারে, অথবা আপনাকে হাসপাতালে যেতে হতে পারে। কারণ C. diff সংক্রমণগুলো কখনও কখনও সেপসিসের মতো আরো গুরুতর সমস্যার কারণ হতে পারে।

যা দিয়ে C. diff সংক্রমণের চিকিৎসা করা হয়:

- সম্ভব হলে আপনি যে অ্যান্টিবায়োটিক গ্রহণ করছেন তা বন্ধ করে।
- C. diff সংক্রমণের চিকিৎসা করতে পারে এমন আরেকটি অ্যান্টিবায়োটিকের 10-দিনের কোর্স গ্রহণ করে।

কিভাবে পানিশূন্যতা এড়ানো যায় সে সম্পর্কেও আপনাকে পরামর্শ দেওয়া হবে, যেমন আপনি প্রচুর পরিমাণে পানি পান করছেন তা নিশ্চিত করুন।

অ্যান্টিবায়োটিকের নতুন কোর্স শুরু করার কয়েকদিন পরে আপনার উপসর্গগুলোর উন্নতি হওয়ার কথা। কিন্তু সংক্রমণ সম্পূর্ণরূপে সেরে যেতে 1 থেকে 2 সপ্তাহের মতো সময় লাগতে পারে।

যদি আপনার উপসর্গগুলো আরো খারাপ হয়ে যায়, অ্যান্টিবায়োটিক শুরু করার পরে আপনি খুব অসুস্থ বোধ করেন, অথবা পরবর্তীতে আপনার উপসর্গগুলো ফিরে আসে, তাহলে জিপি'র কাছে ফিরে যান।